

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

নথি নং-স্বাপকম/চিশি-২/বিবিধ-১৬/২০১২(অংশ-১)/৩৫৯

তারিখ : ১৮-০৬-২০১৩ খ্রিঃ

বিষয় : ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে আইএইচটি ও ম্যাটস এ ভর্তি পরীক্ষা প্রসঙ্গে।

সূত্র : স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/আইএইচটি-ম্যাটস ভর্তি/২০১২-২০১৩/৮৩৮, তারিখ : ১১-০৬-২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের বরাতে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে আইএইচটি ও ম্যাটস এ ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিষয়ে গত ২৭-০৫-২০১৩ তারিখে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের সম্মতিতে পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ নির্দেশক্রমে নিম্নরূপভাবে অনুমোদন করা হলো :

- (ক) একত্রে ও অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে সরকারী আইএইচটি ও ম্যাটস এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে;
- (খ) ভর্তিচ্ছু প্রার্থীগণকে যে কোন শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এস,এস,সি বা সমমানের পরিক্ষায় জীব বিজ্ঞানসহ সকল বিষয়ে উত্তীর্ণ পূর্বক জিপিএ ২.৫০ (পয়েন্ট) অর্জন করতে হবে। যারা ২০১০, ২০১১, ২০১২ ও ২০১৩ সনে এস,এস,সি/সমমান পরিক্ষায় পাশ করেছেন তারা আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হবে;
- (গ) অন লাইনের মাধ্যমে প্রার্থীগণকে আবেদন করতে;
- (ঘ) আবেদন ফি ৫০০/- টাকা(প্রি পেইড টেলিটকের মাধ্যমে);
{ বিভাজন : ট্রেজারী-২৫/-, অধ্যক্ষ-১৪৫/-, ডিজিএইচএস-২৮০/-, টেলিটক-৫০/- }
- (ঙ) বিজ্ঞাপন জারীর তারিখ ১৮-০৬-২০১৩ ইং;
- (চ) আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ০৭-০৭-২০১৩ ইং;
- (ছ) ভর্তি পরীক্ষার তারিখ ১৯-০৭-২০১৩ ইং;
- (জ) আইএইচটি ও ম্যাটস এ ভর্তি পরীক্ষার ফলাফল একই সাথে আলাদাভাবে প্রকাশ করা যাবে। এসএমএস এর মাধ্যমে ফলাফল প্রত্যেক প্রার্থীকে জানাতে হবে;
- (ঝ) আইএইচটি এর ন্যায় প্রতিটি সরকারী ম্যাটস এ ০২ টি আসনে বিদেশী ছাত্র/ছাত্রী ভর্তির অনুমতি প্রদান করা যেতে পারে;
- (ঞ) এসআইটি অনুষদে ভর্তি বিদ্যমান নীতিমালা অনুসরণ করার সুপারিশ করা হয়;
- (ট) শুধুমাত্র সরকারী আইএইচটি ও ম্যাটস এ ভর্তি পরীক্ষা একত্রে অনুষ্ঠিত হবে। MCQ পদ্ধতিতে ১ ঘন্টার লিখিত পরীক্ষা নেওয়া হবে। OMR মেশিনে উত্তরপত্র নিরীক্ষা হবে; এবং
- (ঠ) সকল বেসরকারী আইএইচটি ও ম্যাটস সমূহে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য সরকারী নীতিমালা অনুসরণ করতে হবে।

(মোঃ আমির হোসেন)

উপ সচিব

ফোন : ৯৫৪০৬৯০

ই-মেইল : sasme2@mohfw.gov.bd

মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

নথি নং-স্বাপকম/চিশি-২/বিবিধ-১৬/২০১২(অংশ-১)/৩৫৯/১(৫)

তারিখ : ১৮-০৬-২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা-১০০০।
- ৩। সচিব, বাংলাদেশ র‍াষ্ট্ৰীয় চিকিৎসা অনুষদ, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, ঢাকা-১০০০।
- ৪। সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, রাহাত টাওয়ার (৫ম তলা), ১৪ লিংক রোড পশ্চিম বাংলা মটর, ঢাকা-১০০০।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

(মোঃ আমির হোসেন)
উপ সচিব

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিশি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

D:\letter.mats.doc